গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জাতীয় রাজস্ব বোর্ড ঢাকা।

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুক্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ / ২৭ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৭৯-আইন/২০২৫/৩০৭-মুসক।- জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ১৩০ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে মূসক পরামর্শক লাইসেন্সিং বিধিমালা, ২০১৯ এর নিম্মরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত বিধিমালার-

- (১) বিধি ৪ এর উপ-বিধি (২) এর দফা (৬) তে উল্লিখিত "৫,০০০ (পাঁচ হাজার)" সংখ্যা, চিহ্ন, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে "১,০০০ (এক হাজার)" সংখ্যা, চিহ্ন, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (২) বিধি ৬ এর-
 - (অ) উপ-বিধি (৩) এ উল্লিখিত "সুবিধাজনক সময়ে" শব্দগুলির পরিবর্তে "আবেদন দাখিলের সময় শেষ হওয়ার ১২০ (একশত বিশ) দিনের মধ্যে" শব্দগুলি, বন্ধনী ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে;
 - (আ) উপ-বিধি (৪) এ উল্লিখিত "মহাপরিচালক" শব্দের পর "পরীক্ষা গ্রহণের" শব্দগুলি সন্নিবেশিত হইবে; এবং
 - (ই) উপ-বিধি (৫) এ উল্লিখিত "মহাপরিচালক" শব্দের পর "ফলাফল প্রকাশের ৪৫ (পয়তাল্লিশ) দিনের মধ্যে" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনী সন্ধিবেশিত হইবে;
- (৩) বিধি ৭ এ উল্লিখিত কমিটির ক্রমিক ০২ এ উল্লিখিত "সহকারী/উপ" শব্দগুলি ও চিহ্নের পরিবর্তে "যুগ্ম/অতিরিক্ত" শব্দগুলি ও চিহ্ন এবং ক্রমিক ০৩ এ উল্লিখিত "সহকারী/উপ" শব্দগুলি ও চিহ্নের পরিবর্তে "যুগ্ম/অতিরিক্ত" শব্দগুলি ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে;

(৪) বিধি ৯ এর পরিবর্তে নিমুরূপ বিধি ৯ প্রতিস্থাপিত হইবে, যথা:-

"৯। পরীক্ষার সিলেবাস। - (১) পরীক্ষার সিলেবাস নিম্নরূপ হইবে, যথা:-

ক্রমিক	বিষয়	নম্বর
(ক)	মূল্য সংযোজন কর ও সম্পূরক শুক্ক আইন, ২০১২	
(킥)	মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬	0.0
(গ)	উক্ত আইন ও বিধিসমূহের অধীন জারীকৃত প্রজ্ঞাপন ও	80
	আদেশসমূহ	
(ঘ)	সাধারণ গণিত	50
(&)	বাংলা ও ইংরেজি	50
(চ)	কাস্টমস আইন, ২০২৩	২৫
(ছ)	আমদানি নীতি আদেশ (যখন যেই আদেশ বলবং থাকিবে)	
(জ)	রপ্তানি নীতি আদেশ (যখন যেই আদেশ বলবৎ থাকিবে)	
(ঝ)	The Foreign Exchange Regulations Act, 1947	50
(ঞ)	The Import and Export (Control) Act, 1950	

(২) জাতীয় রাজস্ব বোর্ডের ভিন্নরূপ কোন নির্দেশনা না থাকিলে মহাপরিচালক তাহার নিজস্ব পদ্ধতি ও ব্যবস্থাপনায় দ্বিস্তর পদ্ধতিতে (প্রিলিমিনারি ১ ঘন্টা, প্রিলিমিনারি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের জন্য লিখিত পরীক্ষা ৩ ঘন্টা) পরীক্ষা গ্রহণের জন্য প্রশ্নপত্র প্রণয়ন করিতে পারিবেন।"

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোহাঃ মসিউর রহমান) প্রথম সচিব (মৃসক নীতি)